

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

স্মারক নং-স্ব-পকম/প্রশা-১/এডি/১ই-০৭/০৩(অংশ-১)- ১৬০৬

তারিখঃ ২০/১০/২০১৬ খ্রিস্টাব্দ
০৫/০৭/১৪২৩ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য অধিদপ্তর/বিভিন্ন প্রতিষ্ঠান/হাসপাতাল/মেডিকেল কলেজ এর ৩য় ও ৪র্থ শ্রেণির (১১ হতে ২০তম গ্রেড পর্যন্ত) বিভিন্ন পদে জনবল নিয়োগ।

সূত্রঃ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-১০.০০.০০০০.১২৯.০৪.৬৩৯.১৬-৫৯৪, তারিখঃ ২২/০৮/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে ২১/০৭/২০১৬ তারিখে মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণির (১১ হতে ২০তম গ্রেড পর্যন্ত) বিভিন্ন পদে জনবল নিয়োগ সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভায় মাননীয় মন্ত্রীর নির্দেশনার আলোকে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ এবং সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ বাতিল ঘোষিত হওয়ায় স্বাস্থ্য অধিদপ্তরে “The Bangladesh Health Services (Non-Medical Officers and Employeers Recruitment) Rules, 1985” নিয়োগবিধি অনুযায়ী জনবল নিয়োগ করা যাবে কিনা সে বিষয়ে মতামত প্রদানের জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছিল। তদপেক্ষিতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে বর্ণিত নিয়োগবিধি সম্পর্কে নিয়োক্ত মতামত প্রদান করা হয়:

বিবেচ্য পত্র এবং সমর্থনীয় কাগজাদি পর্যালোচনায় পরিলক্ষিত হয়, বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় আপীল বিভাগ কর্তৃক সিভিল আপীল নং-৪৮/২০১১ এর প্রদত্ত রায়ে বাংলাদেশ সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১নং আইন)-এর ধারা-৩ এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৪র্থ তফসিলের ১৯ অনুচ্ছেদ বাতিল ঘোষিত হওয়ায় উক্ত সময়ের মধ্যে জারিকৃত অধ্যাদেশসমূহ কার্যকারিতা হারিয়েছে। বিবেচ্য পত্রে বর্ণিত নিয়োগবিধিটি বর্ণিত সময়ের মধ্যেই প্রণীত। পরবর্তীতে বর্ণিত সময়ের মধ্যে প্রণীত বিধি, প্রবিধান, অধ্যাদেশসমূহের অধীনে সৃষ্টিত কার্যধারাসমূহ বা গৃহীত ব্যবস্থা এবং অনির্দিষ্ট কার্যক্রম চলমান রাখা আবশ্যিক মর্মে প্রতীয়মান হওয়ায় স্ট্র আইনী শূন্যতা পূরণের লক্ষ্যে “১৯৮২ সালের ২৪ শে মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকর(বিশেষ বিধান) আইন, ২০১৩” প্রবর্তন করা হয়েছে। বর্ণিত আইনের ৪(ক) ধারার বিধানমতে তফসিলভুক্ত অধ্যাদেশসমূহ এবং ৪(খ) ধারায় বর্ণিত অধ্যাদেশসমূহের দ্বারা প্রচলিত কোন আইন, আদেশ বা অধ্যাদেশ সংশোধন করা হয়ে থাকলে উক্ত সংশোধনী অধ্যাদেশসমূহ শর্ত সাপেক্ষে সংরক্ষণ করা হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর নিয়োগবিধিটি ৪(ক) ধারায় বর্ণিত তফসিলের অন্তর্ভুক্ত নয়। এক্ষেত্রে ২০১৩ সালের বর্ণিত আইনের আলোকে বিধিটি সংরক্ষিত না হওয়ায় বিধিটির বৈধতা নেই। এমতাবস্থায়, উক্ত বিধি প্রয়োগের মাধ্যমে জনবল নিয়োগ কিংবা নিয়োগ সংক্রান্ত কোন কার্যক্রম গ্রহণের সুযোগ নেই।

২। এমতাবস্থায়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের উল্লিখিত মতামতের আলোকে স্বাস্থ্য অধিদপ্তরের জন্য নতুন নিয়োগবিধি প্রণয়ন সাপেক্ষে স্বাস্থ্য অধিদপ্তর/বিভিন্ন প্রতিষ্ঠান/মেডিকেল কলেজ/হাসপাতালের ৩য় ও ৪র্থ শ্রেণির (১১ হতে ২০তম গ্রেড পর্যন্ত) বিভিন্ন শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র ও পদোন্নতি প্রদানের প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)
উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

sasadmin1@mohfw.gov.bd

মহাপরিচালক

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

[দৃঃআঃ পরিচালক (প্রশাসন)]।

অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। পরিচালক,..... মেডিকেল কলেজ হাসপাতাল/ হাসপাতাল (সকল)।
- ৩। অধ্যক্ষ, মেডিকেল কলেজ (সকল)..... ।
- ৪। উপসচিব (পার-৪/হাসপাতাল-২/আইন অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিভিল সার্জন (সকল)..... ।
- ৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। তত্ত্বাবধায়ক
- ১০। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।